



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/5/2020

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো 2020 সালের স্টেট অফ দ্য স্টেটের 27তম প্রস্তাব প্রকাশ করলেন: পুনঃব্যবহারের জন্য হাডসন রিভার পার্কে পিয়ার 76 টো পাউন্ড স্থানান্তর করা

প্রায় 250,000-বর্গফুট জল সন্নিহিত সম্পত্তি এক বছরের মধ্যে খালি করে এবং হাডসন রিভার পার্ক ট্রাস্টে (Hudson River Park Trust, HRPT) স্থানান্তর করা উচিত

হাডসন রিভার পার্ক ট্রাস্টের একটি পুনঃব্যবহারের পরিকল্পনা বিকাশ করা উচিত সবুজ স্থান, বিনোদন, সম্প্রদায়ের অ্যাক্সেস এবং বাজার সম্ভাবনা বৃদ্ধি করার জন্য

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ তার 2020 স্টেট অফ দ্য স্টেট কর্মসূচীর 27তম প্রস্তাবনাটি ঘোষণা করেছেন, যার ফলে দীর্ঘকাল স্থগিত পিয়ার 76 এর স্থানান্তর কার্যকর করবে NYPD-র জন্য একটি টো পাউন্ড হিসেবে ব্যবহার করা থেকে হাডসন রিভার পার্ক ট্রাস্টের নিয়ন্ত্রণে তা অর্পণ করবে পার্ক কমপ্লেক্সের সাথে একত্রিকরণের জন্য। প্রায় 250,000 বর্গ ফুট টো পাউন্ড ম্যানহাটানের জল সন্নিহিত অঞ্চলে অবস্থিত, নতুন জ্যামিটস সেন্টার, হাডসন ইয়ার্ডস, এবং হাই লাইন জুড়ে।

20 বছর আগে নিউ ইয়র্ক পুলিশ বিভাগ (NYPD)-র ব্যবহারে স্থানান্তর হওয়ার কথা থাকলেও সেই স্থানান্তর কখনোই সম্পূর্ণ করা হয়নি। পশ্চিম দিকের জল সন্নিহিত এলাকার প্রবেশাধিকারের জন্য এই পিয়ার ছিল শেষ উল্লেখযোগ্য সুযোগ। গভর্নরের প্রস্তাবের অংশ হিসেবে চলতি বছরের শেষে পিয়ার 76 খালি করা হবে এবং হাডসন রিভার পার্ক ট্রাস্ট, নিউ ইয়র্ক শহরের সঙ্গে, সংশ্লিষ্ট কমিউনিটি বোর্ড ও প্রতিনিধি, স্থানীয় নির্বাচিত কর্মকর্তা ও অ্যাসেম্বলি ও সিনেট সদস্য, এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে পরামর্শ করে, একটি পুনঃব্যবহারের পরিকল্পনা গড়ে তুলবে।

রাজ্য এই শহরকে বিকল্প সাইট সনাক্ত করতে সাহায্য করবে, যদি তা সহায়ক হয়, টো পাউন্ডটি দ্রুত পুনঃস্থাপনের জন্য সহায়তা করে।

"কমিউনিটি ব্যবহারের জন্য অবশিষ্ট সবুজ স্থান খুব অল্পই আছে, এবং আমাদের নিশ্চিত করতে হবে যে আমরা পিয়ার 40 এবং পিয়ার 76-এ এটি সংরক্ষণ এবং সুরক্ষিত করছি এবং সবুজ স্থান সুরক্ষার সঙ্গে পার্কের আর্থিক চাহিদার সম্বন্ধে ভারসাম্য রক্ষা করছি," **গভর্নর কুওমো বলেন।** "এই মূল্যবান ভূমির পুনঃবিকাশ সবুজ ও বিনোদনমূলক স্থান সর্বাধিক করবে এবং বিপননের সম্ভাবনা

সর্বাধিক করবে, জাভিটস এবং হাই লাইনের মতো আঞ্চলিক ল্যান্ডমার্কগুলি সংযুক্ত করার সম্ভাবনার সাথে।"

1998 সালে, হাডসন রিভার পার্ক অ্যাক্ট (Hudson River Park Act) ব্যক্ত করে যে নিউ ইয়র্ক সিটি "76 পিয়ারে টো পাউন্ড সরিয়ে নেবার জন্য সর্বোত্তম প্রচেষ্টা ব্যবহার করবে।" 20 বছরেরও বেশি সময় ধরে স্থগিত থাকা পরিকল্পনার পর অবশেষে এই প্রস্তাবাি সেই স্বপ্নকে বাস্তবে পরিণত করবে। হাডসন রিভার পার্ককে পিয়ার 40-র উন্নতিসাধনের পরিকল্পনাও গড়ে তুলতে হবে। পিয়ার 40 এবং পিয়ার 76 জন্য পরিকল্পনা গড়ে তোলার সাথে, হাডসন রিভার পার্ক ট্রাস্টের উচিত একটি বিস্তৃত পার্ক-ব্যাপী আর্থিক এবং ব্যবহার সংক্রান্ত কৌশল বিকাশ করা এবং যদি হাডসন রিভার পার্ক ট্রাস্ট (HRPT) বিশ্বাস করে যে একটি পরিকল্পনার জন্য অতিরিক্ত আইনি অনুমোদন প্রয়োজন, তাহলে তাদের এই ধরনের অনুরোধ পেশ করা উচিত 1 মের মধ্যে যাতে তা বিধানসভার অধিবেশন শেষ হওয়ার আগে বিবেচনা করা যায়।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)